গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৫৮৮ তারিখঃ ১৪/১১/২০২৪খ্রি

**পরিপত্র**

বিষয়ঃ **সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে ক্রয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ক্রয়কারী (PE)-কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি (LTM)-তে দরপত্র আহবানের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৫২ এর আলোকে যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের নির্দেশ প্রদান করা হলোঃ

(১) সীমিত দরপত্র পদ্ধতির অধীন ক্রয়কার্যে অংশগ্রহণে ঠিকাদার তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণকে তাঁদের যোগ্যতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহবান জানিয়ে ক্রয়কারী কর্তৃক স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে।

(২) ঠিকাদারগণ যে জেলায় তালিকাভুক্তিতে আগ্রহী সেই জেলার নির্বাহী প্রকৌশলী তথা ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিবেন। যে সকল ঠিকাদার বর্তমানে কোন নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী এর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাঁদেরকেও নবায়নের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারীর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে।

(৩) ঠিকাদারগণের নুতন তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি এর ওয়েবসাইট (www.bppa.gov.bd) হতে Standard Application Form for Enlistment (SAFE-B) ডাউনলোড করে আবেদনপত্র প্রস্তুতপূর্বক তা তালিকাভুক্তির জন্য আগ্রহী ঠিকাদারগণকে সরবরাহ করতে হবে।

(৪) তালিকাভুক্তিকরণ এবং নবায়ন ফি নিম্নরূপভাবে নির্ধারণ করতে হবে:

- শ্রেণীভিত্তিক তালিকাভূক্তিকরণ ফি-৫,০০০ (পাঁচ হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-২,০০০ (দুই হাজার) টাকা;

জরিমানা প্রদান ব্যতীত নবায়নের শেষ সময় সংশ্লিষ্ট অর্থবৎসরের ডিসেম্বর মাস পর্যন্ত। এরপর নবায়নের আবেদনের ক্ষেত্রে ১,০০০ (এক হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। উল্লেখ্য, কোন অর্থবৎসরে নবায়ন না করা হলে পরের অর্থবৎসরে নবায়নের ক্ষেত্রে ২,০০০ (দুই হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। পরপর দুই অর্থবৎসরে নবায়ন না করা হলে পরবর্তীতে নতুনভাবে তালিকাভূক্তিকরণের আবেদন করতে হবে।

(৫) ঠিকাদার নির্ধারিত ফি, প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি ও সমস্ত ফি-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন। তালিকাভুক্তি এবং নবায়নের আবেদনের সাথে উক্ত ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে।

(৬) নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত তালিকাভূক্তিকরণ কমিটি কর্তৃক উক্ত তালিকা প্রস্তুত করতে হবে এবং সংশ্লিস্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট থেকে অনুমোদন গ্রহণ করতে হবে:

১. ক্রয়কারী, সংশ্লিস্ট জেলা -আহবায়ক
২. সিনিয়র সহকারী প্রকৌশলী, সংশ্লিস্ট জেলা-সদস্য
৩. সংশ্লিস্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর প্রতিনিধি-সদস্য

(৭) তালিকাভূক্তি কার্যক্রম প্রতি অর্থবৎসরের সেপ্টেম্বর মাসের মধ্যে সমাপ্ত করতে হবে (শুধুমাত্র ২০২৪-২৫ অর্থবৎসরে ডিসেম্বর মাসের মধ্যে তালিকাভূক্তি সমাপ্ত করতে হবে)।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

(৮) প্রতি অর্থবৎসরে জুলাই মাস হতে (প্রযোজ্য ক্ষেত্রে, বিলম্ব ফিসহ) নবায়নের আবেদন পাওয়া গেলে প্রতিটি ক্ষেত্রে [Case-by-case] ক্রয়কারী কর্তৃক অনতিবিলম্বে নিষ্পত্তি করতে হবে।

(৯) উপরোক্ত কার্যাদি সম্পাদনের পর তালিকাভূক্ত দরদাতাগণের অনুকূলে তালিকাভূক্তি বহি ইস্যু করতে হবে।

(১০) তালিকাভূক্ত/নবায়নকৃত দরদাতাগণ শুধুমাত্র সংশ্লিষ্ট জেলার এলজিইডির আওতাধীন সীমিত দরপত্র পদ্ধতিতে আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

(১১) সীমিত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে জুলাই মাস হতে আহবানকৃত দরপত্রসমূহে সংশ্লিষ্ট অর্থবৎসরে নবায়নকৃত/নতুন তালিকাভূক্তি ব্যতীত দরদাতাগণের দরপত্র গ্রহণযোগ্য করা যাবে না।

সকল নির্বাহী প্রকৌশলীকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, এতদসংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

Debnath
১৪/১১/২৪

**(গোপাল কৃষ্ণ দেবনাথ)**
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোনঃ ০২-৪৪৮২৬২৭২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৫৮৮/১(৫) তারিখঃ ১৪/১১/২০২৪ইং

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল)................................................. এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .........................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ........................... উপজেলা, জেলাঃ ...........................।

১৪/১১/২০২৪

**(মোঃ গোলাম ইয়াজদানী)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ +৮৮০২- ৫৫০০৬৭৭৫
ইমেইলঃ xen.procurement@lged.gov.bd